# ভাইরাল ভিডিও নিয়ে গাজী নজরুলের বিষয়ে তথ্য সংগ্রহ করছে জামায়াত




ছবি: সংগৃহীত

সাতক্ষীরা-৪ আসনের সংসদ সদস্য ও জামায়াতে ইসলামীর নেতা গাজী নজরুল ইসলামকে ঘিরে বিভিন্ন গণমাধ্যম ও সামাজিক যোগাযোগমাধ্যমে প্রকাশিত অভিযোগের বিষয়ে তথ্য-উপাত্ত সংগ্রহের পর দলীয় নিয়ম অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছে বাংলাদেশ জামায়াতে ইসলামী।

মঙ্গলবার (২১ জুলাই) এক বিবৃতিতে দলটি এ কথা জানায়।

বিবৃতিতে বলা হয়, সম্প্রতি গাজী নজরুল ইসলামকে নিয়ে বিভিন্ন গণমাধ্যম ও সামাজিক যোগাযোগমাধ্যমে প্রকাশিত খবরগুলো পর্যবেক্ষণ করছে জামায়াতে ইসলামী। ইতোমধ্যে বিষয়টি নিয়ে গাজী নজরুল ইসলামের দেওয়া বিবৃতি, তার প্রথম ও দ্বিতীয় স্ত্রীর বক্তব্য এবং দ্বিতীয় স্ত্রীর বাবার ভিডিও বক্তব্যও বিভিন্ন মাধ্যমে প্রকাশিত হয়েছে বলে উল্লেখ করা হয়।

দলটির বিবৃতিতে আরও বলা হয়, পুরো বিষয়টি নিয়ে আরও অনুসন্ধান করা হবে এবং প্রকৃত ঘটনার বিষয়ে প্রয়োজনীয় তথ্য-উপাত্ত সংগ্রহ করা হবে। এরপর দলের সাংগঠনিক বিধি ও নিয়ম অনুসরণ করে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হবে।

প্রসঙ্গত, সোমবার (২০ জুলাই) রাত থেকে সামাজিক যোগাযোগমাধ্যমে গাজী নজরুল ইসলামের কথিত ব্যক্তিগত মুহূর্তের একটি ভিডিও ছড়িয়ে পড়ে। ভিডিওটিতে একটি কক্ষে এক তরুণীর সঙ্গে তাকে ঘনিষ্ঠ অবস্থায় দেখা যায় বলে বিভিন্ন মাধ্যমে দাবি করা হয়। এ নিয়ে গাজী নজরুল ইসলাম লিখিত বিবৃতি দিয়ে ভিডিওটি ছড়িয়ে দেওয়ার পেছনে ষড়যন্ত্র ও ব্ল্যাকমেইলের অভিযোগ করেছেন।